

# Keeping your **GOLD** safe



## আপনার স্বর্ণালঙ্কার নিরাপদ রাখা

সম্পত্তি বেশ কয়েকটি চুরির ঘটনা ঘটেছে যেগুলোতে স্বর্ণ এবং অলঙ্কার চুরি হয়েছে।

আপনার যদি অতি উচ্চ মূল্যের স্বর্ণ বা অলঙ্কার থাকে তাহলে সেগুলোকে চুরির হাত থেকে বাঁচানোর জন্য কিছু অর্থ বিনিয়োগ করা অর্থপূর্ণ হবে।

আপনার মূল্যবান স্বর্ণ ও অলঙ্কার নিরাপদে রাখার জন্য এবং আপনার একটি অপরাধের শিকার হ্বার ঝুঁকি কমানোর জন্য এখানে কিছু টিপস/পরামর্শ দেওয়া হলো।

- একটি ভালো মানের সিন্দুক কেনার জন্য অর্থ বিনিয়োগ করুন এবং সেটাকে ইটের দেয়াল বা মেঝেতে স্থাপন করুন। আপনার সিন্দুকটিকে সর্বোচ্চ মানসম্মত করুন এবং এজন্য [www.securedbydesign.com](http://www.securedbydesign.com) অথবা [www.soldsecure.com](http://www.soldsecure.com) ওয়েবসাইট পরিদর্শন করুন। কোনো কিছুর সাথে প্রতিস্থাপন না করা সিন্দুক চোর সহজে নিয়ে যেতে পারবে এবং নিম্নমানের সিন্দুক সহজেই খুলে ফেলতে পারবে।
- আপনার অলঙ্কারসমূহ বাড়ি থেকে সরিয়ে রাখার কথা বিবেচনা করুন- আপনার ব্যাংকের সাথে কথা বলে দেখুন যে সেখানে কি ধরণের সেফটি ডিপোজিট বক্স রয়েছে।
- আপনার অলঙ্কারে যেন অলঙ্কারের জন্য যথাযথ কোনো একটি নিরাপত্তামূলক চিহ্ন দেয়া থাকে এবং আপনার অলঙ্কারসমূহ [www.immobilise.com](http://www.immobilise.com) এই ওয়েবসাইটে বিনামূল্যে রেজিস্টার করুন।
- প্রতিটি মূল্যবান স্বর্ণ এবং অলঙ্কারের ছবি তুলুন এবং ছবির সাথে একটি বর্ণনা লিখে রাখুন। কখনও চুরি হলে এটি তথ্য পেতে এবং তা ফেরত পাবার ক্ষেত্রে সহায়তা করবে।
- অপরাধীদেরকে ঘরে চুক্তে দিয়ে প্রতারিত হবেন না। দরজা খোলার আগে দরজায় কে তা সবসময় দেখে নিন।

আপনি যদি নিশ্চিত না হন তাহলে দরজা খুলবেন না।

In an emergency call **999**

For non-emergencies call **101**

Visit [www.northants.police.uk](http://www.northants.police.uk)

Follow us on Twitter @northantspolice

Join us on Facebook.com/northantspolice



এই পরামর্শগুলো মেনে চললে আপনি একজন অপরাধীকে আপনার বাড়িতে প্রবেশ করা প্রতিহত করতে পারবেন

- বাড়ির সদর এবং পেছনের দরজা সবসময় তালা দিয়ে রাখুন - এমনকি আপনি বাড়ি থাকাকালীন সময়েও
- আপনি যদি বাতাস চলাচলের জন্য জানালা খোলেন তাহলে বাইরে যাওয়ার আগে বা ঐ ঘর থেকে চলে আসার সময় সেগুলো বন্ধ করা নিশ্চিত করবেন।
- চাবি এবং অন্যান্য মূল্যবান জিনিস চোখের আড়ালে এবং ক্যাটফ্ল্যাপ, চিঠির বাক্স, নিচতলার দরজা এবং জানালা থেকে দুরে রাখুন।
- অন্ধকার হবার পরে আপনি বাড়িতে না থাকলে একটি লাইট জালিয়ে রাখুন বা টাইমার দিয়ে রাখুন যাতে আপনার বাড়ি খালি মনে না হয়।
- একটি লাইসেন্সকৃত হাউজ এলার্ম স্থাপনের জন্য অর্থ বিনিয়োগ করুন, এটা চোরদের জন্য প্রকৃত বাঁধা।
- ছুটিতে বেড়াতে, বিয়ে বা অন্যকোনো অনুষ্ঠানে যাওয়ার আগে তা সবাইকে বলে বেড়াবেন না। আপনার বাড়ি কখন খালি থাকবে সে তথ্য অপরাধীদেরকে জানতে দেবেন না।
- আপনি যখন বাড়িতে থাকবেন না তখন চিঠি আসা বন্ধ করে অথবা অন্য ঠিকানায় পাঠানোর ব্যবস্থা করুন এবং ডেলিভারি বাতিল করুন যেন মনে হয় যে আপনার বাড়িতে কেউ আছে। একজন বন্ধু বা আপনার বিশ্বস্ত প্রতিবেশীকে দিয়ে চিঠিগুলো উঠানের, আপনার বাড়ির দিকে নজর রাখা এবং পর্দা সরানোর ব্যবস্থা করুন।।
- দরজায় দাঢ়ানো ব্যক্তিটি পুলিশ/ওয়াটারবোর্ড/ইউটিলিটি কোম্পানি থেকে এসেছে বলে দাবি করছে? পরিচয়পত্র না দেখে তাদেরকে ঘরে ঢুকতে দেবেন না। এরপরেও যদি আপনি নিশ্চিত না হন তাহলে দরজা বন্ধ রাখুন এবং পুলিশ বা যে কোম্পানি থেকে তারা এসেছে বলে দাবি করছে সেখানে কল করুন এবং তাদের পরিচয় যাচাই করে দেখুন। তাদের দেয়া ফোন বা তাদের দেয়া নম্বর ব্যবহার করবেন না। আপনি যদি নিশ্চিত না হন তাহলে দরজা খুলবেন না।
- আপনার স্থানীয় নেইবারড ওয়াচ স্কীম-এ যোগ দেয়ার কথা বিবেচনা করুন। আপনার এলাকায় কোনো স্কীম না থাকলে নিজেই কেন শুরু করুন না?

আপনার দরজায় অযাচিত লোকজন ও দরজার বাইরের অপরাধ প্রতিহত করার এবং অন্যান্য সকল অপরাধ প্রতিহত করার বিষয়ে আরো জানতে [www.northants.police.uk/information/crime-prevention](http://www.northants.police.uk/information/crime-prevention) ওয়েবসাইট পরিদর্শন করুন।

আপনার স্থানীয় এলাকার কোনো সন্দেহজনক আচরণ ১০১ নম্বরে কল করে পুলিশকে জানান। জরুরী অবস্থায় ৯৯৯ নম্বরে কল করুন।

আপনার কাছে যদি অপরাধ বা অপরাধীদের সম্পর্কে কোনো তথ্য থেকে থাকে তাহলে ১০১ নম্বরে কল করে পুলিশকে জানান অথবা পরিচয় না দিয়ে তথ্য প্রদানের জন্য ০৮০০ ৫৫৫ ১১১ নম্বরে ক্রাইমস্টপারস-এ কল করে জানান।

